Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব বর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর:৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-৫৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২১-২২ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম-৪র্থ কিস্তির অর্থ অবমুক্তকরণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, চলতি ২০২১-২২ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে আবর্তক অনুদান খাতে (১৩৭-১৪১০০০০০০-৩৬৩১১০৯) বরাদ্দকৃত মোট ৩০০.০০ লক্ষ টাকা হতে ১ম- ৪র্থ কিস্তিতে নিম্নবর্ণিত সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে নামের পাশে উল্লিখিত হারে অর্থ অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রমিক | সিটি কর্পোরেশনের নাম | ২০২১-২২ অর্থ বছরে সিটি কর্পোরেশনওয়ারী বরাদ্দ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ৭০.০০ (সত্তর) লক্ষ |
| ২. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ৬০.০০ (ষাট) লক্ষ |
| ৩. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৫.০০ (পঁয়ত্রিশ) লক্ষ |
| ৪. | খুলনা সিটি কর্পোরেশন | ১৫.০০ (পনেরো) লক্ষ |
| ৫. | রাজশাহী সিটি কর্পোরেশন | ১৫.০০ (পনের) লক্ষ |
| ৬. | বরিশাল সিটি কর্পোরেশন | ১২.৫০ (বারো লক্ষ পঞ্চাশ হাজার) |
| ৭. | সিলেট সিটি কর্পোরেশন | ১৫.০০ (পনেরো) লক্ষ |
| ৮. | কুমিল্লা সিটি কর্পোরেশন | ১৫.০০ (পনেরো লক্ষ |
| ৯. | রংপুর সিটি কর্পোরেশন | ২০.০০( বিশ) লক্ষ |
| ১০. | গাজীপুর সিটি কর্পোরেশন | ৩০.০০ (ত্রিশ)লক্ষ |
| ১১. | ময়মনসিংহ সিটি কর্পোরেশন | ১২.৫০ (বারো লক্ষ পঞ্চাশ হাজার) |
| | মোট= | ৩০০.০০ লক্ষ (তিন কোটি) টাকা |

২। অর্থ বিভাগের ১২ জনু ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-২৪৬ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।

(ঘ) ১৫ জুলাই এর মধ্যে ব্যয়িত অর্থের প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগের প্রেরণ করতে হবে।

(ঙ) আবশ্যিক ভাবে এ খাতের অর্থ প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন, প্রজনন স্বাস্থ্যসেবা, নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবা,পুষ্টি সেবা,সংক্রামক রোগ নিয়ন্ত্রণ,অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, সাধারণ রোগের চিকিৎসা,স্বাস্থ্য শিক্ষা ও যোগাযোগের মাধ্যমে আচরণ পরিবর্তন সেবা,রোগ নিরুপণ সেবা,এ্যাম্বুলেন্স সেবা, পরিবার কল্যাণসেবা ইত্যাদি খাতে ব্যয় করতে হবে অন্য কোন কাজে ব্যয় করা যাবে না।

৩। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তাগণ এ মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

12.06.2022

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৩৫
ই-মেইল: urbandevelopment1@lgd.gov.bd

নম্বর:৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-৫৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য অনুলিপি প্রেরন করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব (বাজেট- ১১ শাখা)।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা ............................................ সিটি কর্পোরেশন।
৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা),স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। মেয়রের একান্ত সচিব ...................................... সিটি কর্পোরেশন ।
৮। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১০। বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর/ দক্ষিণ/ খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/কুমিল্লা/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/ বরিশাল সিটি কর্পোরেশন।
১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ ( জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১২.০৬.২০২২

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব